রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ৭, ২০১৪

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৪ চৈত্র, ১৪২০/০৭ এপ্রিল, ২০১৪

নিম্নলিখিত বিলটি ২৪ চৈত্র, ১৪২০/০৭ এপ্রিল, ২০১৪ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ০৫/২০১৪

## বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ এর সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই আইন বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ (সংশোধন) আইন, ২০১৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **২০১০ সনের ৮ নং আইনের ধারা ৭ এর সংশোধন**।—বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০, (২০১০ সনের ৮ নং আইন) অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৭ এর উপ-ধারা (১) এর দফা (খ) ও (গ) এ উল্লিখিত "বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়" শব্দগুলির পরিবর্তে উভয়স্থানে "তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৩। **২০১০ সনের ৮ নং আইনের ধারা ৮ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ৮ এর উপ-ধারা (১) এর দফা (ক) ও (খ) এ উল্লিখিত "বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়" শব্দগুলির পরিবর্তে উভয়স্থানে "তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।


**মূল্য** ঃ টাকা ৪.০০

## উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

বাংলাদেশ হাই-টেক শিল্পের বিকাশ, উন্নয়ন, হাই-টেক পার্ক স্থাপনের জন্য ২০১০ সনে বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতায় 'বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০' পাস হয়। পরবর্তীতে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ কাজে গতিশীলতা বৃদ্ধি এবং দ্রুত নীতিগত সিদ্ধান্ত গ্রহণের স্বার্থে সরকার 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়' নামে পৃথক একটি মন্ত্রণালয় সৃষ্টি করে। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ-কে এ মন্ত্রণালয়ের আওতাভুক্ত করা হয়। মন্ত্রণালয়ের নাম পরিবর্তন হওয়ার পরিপ্রেক্ষিতে উল্লিখিত আইনে বর্ণিত পূর্বের মন্ত্রণালয়ের নামের পরিবর্তে বর্তমান মন্ত্রণালয়ের নাম উল্লেখ করা প্রয়োজন।

**আবদুল লতিফ সিদ্দিকী**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**মোঃ আশরাফুল মকবুল**
সিনিয়র সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd